

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০২.০০.০০১.২০১৩-২০৩


তারিখঃ ০৭-০৯-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ এনসিডিসি ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্রঃ স্মারক নং-স্বাঃঅধিঃ/এলডি/এনসিডিসি/প্রকিউঃ প্ল্যান/আরপিএ (জিওবি) প্রশিক্ষণ/২০১৭-১৮/২০১৭/৫৪৩, তাং ২৪-০৭-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) কর্তৃক প্রেরিত উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ১টি প্যাকেজের বিপরীতে প্রণীত ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) লক্ষ টাকার বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

- (ক) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করা;
- (খ) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তিমূল্য ওপিতে অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ঘ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের ডাটাবেজ তৈরি করা।
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
Non-Communicable Disease Control (NCDC)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম-সচিব (ক্রয় ও সংগ্রহ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

Letter.LD.NCDC